# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

*(পেট্রোবাংলার একটি কোম্পানি)*

প্রধান কার্যালয়: চৌহাটি, থানা-পার্বতীপুর, জেলা-দিনাজপুর।
লিয়াজোঁ অফিস: পেট্রোসেন্টার (১৫ তলা), ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

## 'বিসিএমসিএল-এর অকেজো ঘোষিত লৌহ, রাবার, তামা, খুচরা যন্ত্রাংশ ও রাইট-অফকৃত মালামাল নিলামে বিক্রয়ের দরপত্র দলিল'

.............২০২৪ খ্রিষ্টাব্দ

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

# BARAPUKURIA COAL MINING COMPANY LIMITED.

(A COMPANY OF PETROBANGLA)

সূত্র নং-২৮.১২.০০০০.৫৪২.৩৬.০০১.২১/ তারিখ: ..........২০২৪ খ্রিঃ

## 'নিলাম বিজ্ঞপ্তি'

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল), চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর-এর ইন্ডাস্ট্রিয়াল এলাকায় সংরক্ষিত বিভিন্ন ধরনের অকেজো ঘোষিত লৌহ, রাবার ও তামা জাতীয় মালামাল ওজনের ভিত্তিতে এবং খুচরা যন্ত্রাংশ জাতীয় ও রাইট-অফকৃত মালামাল থোক ভিত্তিতে একক দরে "যেখানে যে অবস্থায় আছে" নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে কোম্পানীর নির্ধারিত সিডিউলে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে:-

| | | |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ০২ | সংস্থার নাম | বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) |
| ০৩ | কোম্পানির নাম | বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) |
| ০৪ | দরপত্র আহ্বানকারীর জেলা | দিনাজপুর। |
| ০৫ | নিলামযোগ্য মালামালের বিবরণ | লৌহ, রাবার ও তামা জাতীয় ওজনের ভিত্তিতে।<br>খুচরা যন্ত্রাংশ জাতীয় থোক আকারে।<br>রাইট-অফকৃত মালামাল (লৌহ, রাবার, প্লাস্টিক ও লবণ জাতীয়) থোক আকারে। |
| ০৬ | নিলাম বিজ্ঞপ্তি নং ও তারিখ | ২৮.১২.০০০০.৫৪২.৩৬.০০১.২১/... তারিখ: ............২০২৪ খ্রিঃ |
| ০৭ | নিলাম প্রক্রিয়া | সীমিত দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান পদ্ধতি। |
| ০৮ | দরপত্র দলিলের মূল্য | প্রযোজ্য নয়। |
| ০৯ | ক্রেতা/দরদাতাদের যোগ্যতা | নিলামে অংশগহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত ডকুমেন্ট ও ভ্যাট নিবন্ধন সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।<br>**আর্থিক সামর্থ্যঃ**<br>নিলামে অংশগ্রহনের জন্য বাংলাদেশের কোন তফসিলি ব্যাংকে দরদাতার ২৩ কোটি টাকার লিক্যুইড এসেট/ওয়ার্কিং ক্যাপিটাল/ক্রেডিট ফ্যাসিলিটিজ দাখিল করতে হবে। এই সনদটি দর দাখিলের বিগত ০৭ (সাত) দিনের মধ্যে হতে হবে।<br>**নিলাম অভিজ্ঞতাঃ**<br>(ক) নিলামে অংশগ্রহনে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একক কার্যাদেশে সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান হতে নূন্যতম ১৮ কোটি টাকার মালামাল নিলামে ক্রয়ের অভিজ্ঞতার কাগজপত্র দাখিল করতে হবে।<br>(খ) নিলামে অংশগ্রহনে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কমপক্ষে ৩টি ভিন্ন ভিন্ন সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান হতে নিলামে মালামাল ক্রয় ও যথাসময়ে অপসারণ সংক্রান্ত তথ্যাদি দাখিল করতে হবে। |
| ১০ | নিলাম বিজ্ঞপ্তি ও দরপত্র দলিল প্রেরণের তারিখ ও স্থান | প্রযোজ্য নয়। |
| ১১ | নিলাম দরপত্র দলিল দাখিলের শেষ তারিখ ও সময় | ------------২০২৪ তারিখ বেলা ১২:৩০ ঘটিকা পর্যন্ত। |
| ১২ | নিলাম দরপত্র দলিল জমা/দাখিলের স্থান | প্রধান কার্যালয়, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল), চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর। |

চৌহাটি, উপজেলাঃ পার্বতীপুর, জেলাঃ দিনাজপুর। ফোনঃ ০৫৩২৭-৫৬৩৮৯, ৫৬২০০, ফ্যাক্স ঃ ০৫৩২৭-৫৬২৯৯
লিয়াজোঁ অফিস ঃ পেট্রোসেন্টার (ফ্লোর-১৪), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫, ফোন ঃ ০২-৮১৮০১৯০-৯২
ফ্যাক্স ঃ ০২-৮১৮০১৯১, ওয়েবসাইট ঃ www.bcmcl.org.bd, ই-মেইল ঃ bcmclbd@gmail.com

CHOWHATI, UPAZILLA : PARBATIPUR, DIST. DINAJPUR. PHONE: 05327-56389, 56200, FAX : 05327-56299
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215.
Phone : 02-8180190-92, Fax : 02-8180191, Website : www.bcmcl.org.bd, E-mail : bcmclbd@gmail.com

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
# BARAPUKURIA COAL MINING COMPANY LIMITED.
(A COMPANY OF PETROBANGLA)

| | | |
|---|---|---|
| ১৩ | আর্নেস্ট মানি/টেন্ডার সিকিউরিটি/দরপত্র জামানত | প্রস্তাবকৃত উদ্ধৃত মূল্যের ১০% (ফেরতযোগ্য) যা বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। |
| ১৪ | নিলাম দরপত্রের মেয়াদ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। |
| ১৫ | নিলাম দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান | -----------২০২৪ তারিখে বেলা ১২:৪৫ ঘটিকায়, প্রধান কার্যালয়, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল), চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর। |
| ১৬ | বিশেষ শর্তাবলী | (ক) দরপত্র সংক্রান্ত সকল তথ্য ও শর্তাবলী নিলাম দরপত্র দলিলে বিস্তারিত বর্ণিত আছে।<br>(খ) আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান অফিস চলাকালীন সময়ে ভান্ডার ডিপার্টমেন্টের পূর্ব অনুমতি সাপেক্ষ্যে নিজ খরচে নিলামকৃত পণ্য যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সরজমিনে প্রত্যক্ষ করতে পারবেন। পূর্ব অনুমতির জন্য দরপত্র দলিল ক্রয়ের ডকুমেন্ট প্রদর্শনের প্রয়োজন হতে পারে।<br>(গ) ওজন ভিত্তিক মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে। প্রকৃত ওজনের ভিত্তিতে মূল্য নির্ধারণ করা হবে। থোক আকারে বিক্রয়যোগ্য মালামাল ওজন করা হবেনা।<br>(ঘ) সরকার কর্তৃক আরোপযোগ্য সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স প্রযোজ্য হবে।<br>(ঙ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক কিংবা সম্পূর্ণ গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। |

(এ. কে. এম বদরুল আলম)
উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার) ও
সদস্য সচিব, নিলাম কমিটি।

চৌহাটি, উপজেলাঃ পার্বতীপুর, জেলাঃ দিনাজপুর। ফোনঃ ০৫৩২৭-৫৬৩৮৯, ৫৬২০০, ফ্যাক্স ঃ ০৫৩২৭-৫৬২৯৯
লিয়াজোঁ অফিস ঃ পেট্রোসেন্টার (ফ্লোর-১৪), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫, ফোন ঃ ০২-৮১৮০১৯০-৯২
ফ্যাক্স ঃ ০২-৮১৮০১৯১, ওয়েবসাইট ঃ www.bcmcl.org.bd, ই-মেইল ঃ bcmclbd@gmail.com

CHOWHATI, UPAZILLA : PARBATIPUR, DIST. DINAJPUR. PHONE: 05327-56389, 56200, FAX : 05327-56299
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215.
Phone : 02-8180190-92, Fax : 02-8180191, Website : www.bcmcl.org.bd, E-mail : bcmclbd@gmail.com

## বিসিএমসিএল-এর অকেজো ঘোষিত লৌহ, রাবার, তামা, খুচরা যন্ত্রাংশ ও রাইট-অফকৃত মালামাল
## নিলামে বিক্রয়ের শর্তাবলী

### দরদাতার জন্য তথ্যাবলী:-

| | | |
|---|---|---|
| ০১ | দরদাতার যোগ্যতা | ক) নিলামে অংশগহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইন্স, হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত ডকুমেন্ট ও ভ্যাট নিবন্ধন সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে। |
| | | খ) আর্থিক সামর্থ্যঃ নিলামে অংশগ্রহনের জন্য বাংলাদেশের কোন তফসিলি ব্যাংকে দরদাতার ২৩ কোটি টাকার লিক্যুইড এসেট/ওয়ার্কিং ক্যাপিটাল/ক্রেডিট ফ্যাসিলিটিজ দাখিল করতে হবে। এই সনদটি দর দাখিলের বিগত ০৭ (সাত) দিনের মধ্যে হতে হবে। |
| | | গ) অভিজ্ঞতাঃ<br>(i) নিলামে অংশগ্রহনে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একক কার্যাদেশে সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান হতে নূন্যতম ১৮ কোটি টাকার মালামাল নিলামে ক্রয়ের অভিজ্ঞতার কাগজপত্র দাখিল করতে হবে।<br>(ii) নিলামে অংশগ্রহনে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কমপক্ষে ৩টি ভিন্ন ভিন্ন সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান হতে নিলামে মালামাল ক্রয় ও যথাসময়ে অপসারণ সংক্রান্ত তথ্যাদি দাখিল করতে হবে। |
| ০২ | দরপত্র মূল্য | প্রযোজ্য নয়। |
| ০৩ | দরপত্র/নিলামের জামানত | প্রস্তাবকৃত উদ্ধৃত মূল্যের ১০% (ফেরতযোগ্য) অর্থ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। |
| ০৪ | কাজ সমাপ্তির সময় | ডেলিভারী অর্ডার জারির ৯০ কার্যদিবসের মধ্যে। |
| ০৫ | বিজয়ী দরদাতার মূল্য পরিশোধের সময় | Notification of Award (NoA) জারির ১৪ দিনের মধ্যে। |
| ০৬ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম | এ. কে. এম বদরুল আলম ও সদস্য-সচিব নিলাম কমিটি। |
| ০৭ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী | উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)। |
| ০৮ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক ঠিকানা | ভান্ডার ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর। |

### শর্তাবলী

১। হালনাগাদ ট্রেড লাইন্স-এর সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

২। হালনাগাদ আয়কর পরিশোধ-সংক্রান্ত ডকুমেন্ট-এর সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩। ভ্যাট নিবন্ধন সনদপত্র-এর সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৪। আর্থিক সামর্থ্যঃ নিলামে অংশগ্রহনের জন্য বাংলাদেশের কোন তফসিলি ব্যাংকে দরদাতার ২৩ কোটি টাকার লিক্যুইড এসেট/ওয়ার্কিং ক্যাপিটাল/ক্রেডিট ফ্যাসিলিটিজ দাখিল করতে হবে। এই সনদটি দর দাখিলের বিগত ০৭ (সাত) দিনের মধ্যে হতে হবে।

৫। অভিজ্ঞতাঃ

(ক) নিলামে অংশগ্রহনে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একক কার্যাদেশে সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান হতে নূন্যতম ১৮ কোটি টাকার মালামাল নিলামে ক্রয়ের অভিজ্ঞতার কাগজপত্র দাখিল করতে হবে।

(খ) নিলামে অংশগ্রহনে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কমপক্ষে ৩টি ভিন্ন ভিন্ন সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান হতে নিলামে মালামাল ক্রয় ও যথাসময়ে অপসারণ সংক্রান্ত তথ্যাদি দাখিল করতে হবে।

৬। দরপত্রের সাথে দরপত্র জামানত ব্যতীত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। আংশিক মালামাল ক্রয়ের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্য হবে না। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

হিদাকৃত ভ্যালিড ডকুমেন্টসমূহ পাওয়া না গেলে অথবা দরপত্র মূল্যায়নকালে আংশিক (Partial), জাল (Fored) বা নকল (Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের চাহিদার বিপরীতে মূল নথি-কাগজপত্র প্রদর্শন করতে হবে।

১০। সরকারী বিধি মোতাবেক প্রযোজ্য হারে ভ্যাট, ট্যাক্স আরোপযোগ্য হবে।

১১। নিলাম বিজ্ঞপ্তির নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে নিলাম দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন নিলাম দরপত্র দাখিল করা যাবে না।

১২। ডাক, কুরিয়ার সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন নিলাম দরপত্র গ্রহণয্যেগ্য বলে বিবেচিত হবে না।

১৩। আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান অফিস চলাকালীন সময়ে ভান্ডার ডিপার্টমেন্টের পূর্ব অনুমতি সাপেক্ষ্যে নিজ খরচে নিলামকৃত পণ্য যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সরজমিনে প্রত্যক্ষ করতে পারবেন। পূর্ব অনুমতির জন্য দরপত্র দলিল ক্রয়ের ডকুমেন্ট প্রদর্শনের প্রয়োজন হতে পারে।

১৪। দরপত্র দাখিলের তারিখ, সময় ও শর্তাবলীর পরিবর্তন/সংশোধনের ক্ষমতা দরপত্র আহ্বানকারী সংরক্ষণ করেণ।

১৫। দরপত্রের বৈধতার মেয়াদ দরপত্র দাখিলের শেষ সময় হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। দরপত্রের মেয়াদ বৃদ্ধির ক্ষমতা বিসিএমসিএল সংরক্ষণ করে। বিসিএমসিএল-এর পক্ষ হতে মেয়াদ বৃদ্ধির অনুরোধ সত্ত্বেও কোন দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে দরপত্রের মেয়াদ বৃদ্ধিতে সম্মত না হলে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরপত্রটি মূল্যায়নের জন্য আর বিবেচিত হবে না।

১৬। প্রাইস সিডিউলে বর্ণিত কোম্পানির প্রাক্কলিত দর অপেক্ষা কম দর দাখিল করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৭। দরপত্রের প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতিয়মান হলে কর্তৃপক্ষ উক্ত দরপত্র/দরপত্রসমূহ বাতিল করতে পারবেন।

১৮। সর্বোচ্চ মূল্যায়িত দরের সমতার ক্ষেত্রে সংশ্লিষ্ট দরদাতাগণের প্রতিনিধির উপস্থিতিতে লটারির মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্ধারণ করা হবে। লটারির তারিখ, সময় ও স্থান চিঠির মাধ্যমে জানিয়ে দেয়া হবে। কোন প্রতিনিধি উপস্থিত না থাকলেও লটারি যথাসময়ে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৯। সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতা (Technically Responsive Highest Tenderer)'র অনুকূলে (প্রযোজ্য ক্ষেত্রে লটারীর মাধ্যমে নির্বাচিত বিজয়ী দরদাতা) Notification of Award (NoA) ইস্যু করা হবে। সমুদয় টাকা জমা প্রদান সাপেক্ষ্যে Delivery Order ইস্যু করা হবে।

২০। Notification of Award (NoA) প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে বিজয়ী দরদাতাকে সংশ্লিষ্ট নিলামের বিপরীতে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা (ভ্যাট/ট্যাক্স-সহ) বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর অনুকূলে নির্দিষ্ট ব্যাংকে জমা দিতে হবে। শুধুমাত্র একটি ট্রানজেকশনের মাধ্যমে সম্পূর্ণ টাকা একবারে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রদেয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট NoA বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার পূর্বে জমাকৃত দরপত্র/নিলামের জামানত বাজেয়াপ্ত (Forfeit) করা হবে। কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে পরবর্তী দরদাতাদের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

২১। সমুদয় অর্থ জমাদানের পর নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত সকল মালামাল কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্ধারিত স্থান হতে যথাশীঘ্রই গ্রহণ করতে হবে। মালামালের যে কোনো প্রকার ক্ষতি বা চুরির ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য, মালামালগুলি কাঁটার প্রয়োজন হলে তা বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিজ খরচে করতে হবে।

২২। নিলাম মালামালের বিপরীতে কোন warranty প্রযোজ্য হবে না।

২৩। Delivery Order ইস্যু করার পরে বিজয়ী দরদাতা ব্যতীত অবশিষ্ট দরপত্র জামানত সমূহ ফেরত যোগ্য হবে। সঠিক দরপত্র জামানত পাওয়া না গেলে সংশ্লিষ্ট দরপত্র গ্রহনযোগ্য হবে না। ডেলিভারী সম্পন্ন হওয়ার পর রক্ষিত/জমাকৃত দরপত্র জামানত ফেরতযোগ্য হবে। দরপত্র বাতিল হলে সকল দরদাতার দরপত্র জামানত ফেরতযোগ্য হবে। দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে, যদি দরপত্র দাতাঃ ক) দরপত্র উন্মুক্তকরণের পর দরপত্রের বৈধতার মেয়াদের মধ্যে দরপত্র প্রত্যাহার/সংশোধন করে। খ) "Notification of Award (NoA)" মোতাবেক টাকা জমাদানে ব্যর্থ হয়। গ) দরপত্র দলিলের কোন শর্ত মানতে অপারগতা প্রকাশ করলে।

২৪। নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের কোনো রকম শর্ত গ্রহনযোগ্য হবে না।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল, সংশোধন বা এতদসক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহনের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬। বিসিএমসিএল কর্তৃক গঠিত ডেলিভারী কমিটির উপস্থিতিতে তাঁদের ছাড়পত্র অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে।

২৭। মালামালসমূহ সিডিউল মোতাবেক যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৮। নিলামকৃত মালামালসমূহ ক্রেতাকে নিজ দায়িত্বে কোম্পানির উন্মুক্ত ইয়ার্ড/নির্দিষ্ট জায়গা হতে বাছাই, কাটিং, সাইজিং, ভাঙ্গা-খোলা ইত্যাদি সম্পন্ন করে ট্রাকে লোডিং করতে হবে।

২৯। কোম্পানিতে স্থাপিত ওজন স্কেলের মাধ্যমে মালামাল ওজনের ভিত্তিতে বিক্রয় করা হবে। ওজন স্কেলে ওজন করার পর ক্রেতা চাইলে ট্রাকে ত্রিপল বা যে কোন উপায়ে নিজ দায়িত্বে আচ্ছাদিত করতে পারবে। থোক আকারে নিলামকৃত মালামাল ওজন করা হবে না।

৩০। বিক্রয় কালে মালামালের পরিমাণ কম-বেশী হতে পারে। যদি কম হয় সেক্ষেত্রে সম্পূর্ণ ডেলিভারি শেষ হওয়ার পর ক্রেতার আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অবশিষ্ট টাকা এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ফেরত প্রদান করা হবে। যদি মালামালের পরিমাণ বেশী হয় সেক্ষেত্রে ক্রেতা একই দরে এবং শর্তে অবশিষ্ট মালামাল ক্রয় করতে আগ্রহী হলে ক্রেতার নিকট হতে আবেদন প্রাপ্তির পর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অতিরিক্ত মালামাল বিক্রয় করা হবে।

৩১। কাজের সময় Delivery Order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে কোন প্রকার অবহেলার কারণে কর্তৃপক্ষের কোন প্রকার ক্ষতি সাধিত হলে ক্ষতিপূরণ বাবদ সমপরিমাণ মূল্য Delivery Order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা হবে।

৩২। মালামাল গ্রহণকালে বিসিএমসিএল-এর ছাড়পত্র, গেইট পাশ, ডেলিভারী চালান এবং অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

৩৩। নিলামে বিক্রয়কৃত মালামাল পরিবহন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিসিএমসিএল-এর দক্ষিণ গেইটের মাধ্যমে পরিচালিত হবে।

৩৪। দাপ্তরিক সময়ের বাহিরে কাজ করতে হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। সরকারী ছুটি/বন্ধের দিন মালামাল গেইটের বাহিরে নেয়া যাবে না।

৩৫। বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড একটি KPI-ভুক্ত জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ও শৃঙ্খলা, আইন-কানুন মেনে বর্ণিত কাজটি সম্পন্ন করতে হবে। নিলামকৃত সাইটের বাহিরে ঘোরা-ফেরা/যাওয়া যাবে না। প্রয়োজনীয় লোকবল, ট্রাক ও যন্ত্রপাতি কয়লা খনি এলাকায় প্রবেশের জন্য যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহন করতে হবে এবং কয়লা খনির সকল নিরাপত্তা বিধিমালা এবং ভান্ডারের নিয়মকানুন মেনে চলতে হবে।

৩৬। উক্ত কাজে নিয়োজিত সকল শ্রমিককে প্রয়োজনীয় পরিমাণে PPE (Personal Protective Equipment) যেমনঃ হাতের গ্লোবস, গাম-বুট/সেফটি-সু, গগল্স প্রভৃতি Delivery Order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক অবশ্যই সরবরাহের নিশ্চয়তা প্রদান করতে হবে। যে কোন ধরনের দুর্ঘটনার ক্ষেত্রে বাংলাদেশে প্রচলিত শ্রম আইন অনুযায়ী Delivery Order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতিপূরণ প্রদান করতে হবে অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। Delivery Order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন করে ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট সাইট বুঝিয়ে দিতে হবে। উক্ত কাজ করতে গিয়ে বিসিএমসিএল-এর যে কোন সম্পদের ক্ষতি হলে তা Delivery Order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

৩৭। কাজ সম্পাদনের সময় আশে-পাশে অবস্থিত মানুষ অথবা পরিবেশের ক্ষতি সাধিত হয় এমন কোনো উপকরণ/দ্রব্যাদি ব্যবহার করা যাবে না।

৩৮। অগ্নি নির্বাপণের জন্য প্রয়োজনীয় সংখ্যক Portable Fire Extinguisher কাজের আগেই মজুদ রাখতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার নিশ্চিত করতে হবে।

৩৯। বর্ণিত কাজের সময় কোন লোক দুর্ঘটনায় পতিত হলে বা মৃত্যুবরণ করলে অথবা মালামালে ক্ষতি সাধিত হলে এর জন্য সম্পূর্ণ দায়-দায়িত্ব Delivery Order প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকেই বহন করতে হবে এবং বাংলাদেশ সরকারের শ্রম আইন অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান করতে হবে। এই বিষয়ে বিসিএমসিএল কোন প্রকার দায়-দায়িত্ব বহন করবে না।

৪০। যুক্তিসংগত কারণে মালামাল ডেলিভারী গ্রহন করার সময় বর্ধিতকরণের প্রয়োজন হলে Delivery order-এর নির্ধারিত সময়ের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদনপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সময় বর্ধিতকরণের অনুমতি গ্রহন করতে হবে।

Delivery Order প্রাপ্ত প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে মালামাল ডেলিভারি নিতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য Delivery order মূল্যের ০.২০% (শূণ্য দশমিক দুই শূণ্য শতাংশ) হারে Liquidated Damages কর্তন করা হবে এবং তা Delivery Order প্রাপ্ত প্রতিষ্ঠান-এর মালামাল ক্রয় বাবদ বিসিএমসিএল-এর অনুকূলে জমাকৃত অর্থ হতে সমন্বয় করা হবে। Delivery Order মূল্যের সর্বোচ্চ ১০% Liquidated Damages আরোপের পরেও মালামাল অপসারণ না করলে ১৪ দিনের নোটিশ প্রদানপূর্বক Delivery Order বাতিল করা হবে এবং বিসিএমসিএল-এর স্ক্র্যাপ মালামাল ক্রয় বাবদ পরিশোধিত মূল্য ফেরত প্রদান করা হবে না। অবশিষ্ট মালামাল বিসিএমসিএল-এর সম্পদ হিসেবে গণ্য হবে।

৪২। উপর্যুক্ত শর্তাবলী এবং প্রযোজ্য শর্তাবলী সঠিকভাবে মেনে না চললে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই Delivery Order বাতিলসহ অন্যান্য যে কোন ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৪৩। দরপত্র দলিল যথাযথ পূরণপূর্বক উদ্ধৃত দর অবশ্যই বাংলাদেশী টাকায় উল্লেখ করতে হবে।

৪৪। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**বিশেষ শর্তঃ**

৪৫। দরপত্রে উল্লিখিত ৪টি দর/মূল্য উদ্ধৃতকরণ ছক (লৌহ, রাবার ও তামা জাতীয় মালামাল, খুচরা যন্ত্রাংশ জাতীয় মালামাল, রাইট-অফকৃত মালামাল এবং প্রস্তাবকৃত সর্বমোট দর/মূল্য) প্রত্যেকটি যথাযথভাবে পূরণ করতে হবে। কোন একটি ছক পূরণে ব্যর্থ হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার) তারিখঃ----------------

ও

সদস্য-সচিব, নিলাম কমিটি

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল)

বিষয়: বিসিএমসিএল-এর অকেজো ঘোষিত লৌহ জাতীয়, রাবার জাতীয়, তামা জাতীয়, খুচরা যন্ত্রাংশ ও রাইট-অফকৃত মালামাল নিলামে ক্রয়ের দর প্রস্তাব দাখিল ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিসিএমসিএল-এর আগ্রহ পত্র গ্রহন ও পর্যালোচনাপূর্বক আপনাদের অকেজো ঘোষিত লৌহ জাতীয়, রাবার জাতীয়, তামা জাতীয়, খুচরা যন্ত্রাংশ ও রাইট-অফকৃত মালামাল নিলামে ক্রয়ের লক্ষ্যে দরপত্র দলিলে উল্লিখিত সকল শর্তাবলী যথাযথভাবে পরীক্ষা/বিবেচনাপূর্বক দরপত্র নং---------------------------তারিখ:----------------------- এর বিপরীতে দর প্রস্তাব দাখিল করলাম।

আমার প্রস্তাবকৃত সর্বমোট দর (ভ্যাট ও আয়করসহ) অংকে-----------------------------কথায়-----------------------
-------------------------------------------------------

আপনার বিশ্বস্ত,

দরদাতার নাম ও স্বাক্ষরঃ---------------------------------------------

প্রতিষ্ঠানের নামঃ-------------------------------------------------------

পূর্নঠিকানাঃ---------------------------------------------------------

মোবাইলঃ-------------------------------------------------------------

সীলঃ

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর)

## (লৌহ, রাবার ও তামা জাতীয় মালামাল)

অবস্থান: ০১। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় কোল ইয়ার্ড-এর পূর্ব দিকের বাউন্ডারী দেয়াল এবং মেইন ড্রেইন-এর মধ্যবর্তী এলাকায় সংরক্ষিত লৌহ জাতীয় মালামালসমূহ। আনুমানিক পরিমান ২১৭৭ টন।

অবস্থান: ০২। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় এফ.এম ওয়ার্কসপের পশ্চিম কর্ণারে ওপেন ইয়ার্ড, কম্বাইন্ড ওয়ার্কশপের পশ্চিম কর্ণারে ওপেন ইয়ার্ড, এফ.এম ওয়ার্কসপ ওয়্যার হাউজ অংশের পশ্চিম পার্শ্বের ওপেন ইয়ার্ড, এফ.এম ওয়ার্কসপ উত্তরের ওপেন ইয়ার্ড এবং লোকোমোটিভ চার্জিং হাউজের দক্ষিণ পার্শ্বের ওপেন ইয়ার্ড এলাকায় সংরক্ষিত লৌহ জাতীয় মালামালসমূহ। আনুমানিক পরিমান ৩২২ টন।

অবস্থান: ০৩। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় গ্যান্টি ক্রেন ইয়ার্ড-এর পূর্ব, পশ্চিম ও উত্তর পার্শ্বে সংরক্ষিত লৌহ জাতীয় মালামালসমূহ। আনুমানিক পরিমান ৩৫০০ টন।

অবস্থান: ০৪। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় কোল ইয়ার্ড-এর পূর্ব দিকের বাউন্ডারী দেয়াল এবং মেইন ড্রেইন-এর মধ্যবর্তী এলাকায় সংরক্ষিত রাবার জাতীয় মালামালসমূহ। আনুমানিক পরিমান ২৫ টন।

অবস্থান: ০৫। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় কম্বাইন্ড ওয়ার্কশপের ভিতরে তামা জাতীয় মালামালসমূহ। আনুমানিক ২.০ টন।

অবস্থান: ০৬। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় জামে মসজিদের দক্ষিণ পার্শ্বের এবং সাইকেল গ্যারেজের পশ্চিম পার্শ্বের টিনশেড কক্ষে। আনুমানিক ০.৫ টন।

## দর/মুল্য উদ্ধৃতকরণের ছক

**দরদাতা/ক্রেতা কর্তৃক দরপত্রের সকল শর্তাবলী যথাযথভাবে পরীক্ষা/বিবেচনাপূর্বক মুল্য উদ্ধৃত করতে হবে:**

| ক্র: নং. | বিবরণ | প্রাক্কলিত একক দর (কেজি) | আনুমানিক পরিমাণ (ওজনের ভিত্তিতে) টন | প্রাক্কলিত দর (ওজনের ভিত্তিতে) (টাকায়) | উদ্ধৃত/প্রস্তাবিত দর (টাকায়) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | উদ্ধৃত একক দর (ওজনের ভিত্তিতে) ( টাকা) | উদ্ধৃত মোট দর (ওজনের ভিত্তিতে) ( টাকা) |
| ১। | লৌহ জাতীয় বিভিন্ন ধরণের মালামাল | ৩০.০০ | ৫৯৯৯ টন | ১৭,৯৯,৭০,০০০.০০ | | |
| ২। | রাবার জাতীয় বিভিন্ন ধরণের মালামাল | ৪:০০ | ২৫ টন | ১,০০,০০০.০০ | | |
| ৩। | তামা জাতীয় মালামাল | ৫৭৩.০০ | ২.৫ টন | ১৪,৩২,৫০০.০০ | | |
| | **মোট মুল্য** | | | | | |
| ৪। | ভ্যাট ৭.৫০% (উদ্ধৃত দরের) | | | | | |
| ৫। | আয়কর ১০% (উদ্ধৃত দরের) | | | | | |
| ৬। | **বর্ণিত মালামালের সর্বমোট মুল্য** (টাকায়) | | | | | |

**কথায়:** ভ্যাট ও আয়করসহ -----------------------------------------------------------------------------------------------------------------------

দরদাতার স্বাক্ষর ও তারিখ:

## খুচরা যন্ত্রাংশ জাতীয় মালামাল

**অবস্থান:** বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় জামে মসজিদের দক্ষিণ পার্শ্বে এবং সাইকেল গ্যারেজের পশ্চিম পার্শ্বের টিনশেড কক্ষে। থোক আকারে।

## দর/মূল্য উদ্ধৃতকরণের ছক

**দরদাতা/ক্রেতা কর্তৃক দরপত্রের সকল শর্তাবলী যথাযথভাবে পরীক্ষা/বিবেচনাপূর্বক মূল্য উদ্ধৃত করতে হবে:**

| ক্র: নং. | বিবরণ | আনুমানিক পরিমাণ | প্রাক্কলিত দর (থোক আকারে) (টাকায়) | উদ্ধৃত দর (থোক আকারে) |
|---|---|---|---|---|
| ১। | খুচরা যন্ত্রাংশ জাতীয় মালামাল | থোক আকারে | ৪,৬০,৫০০.০০ | |
| | মোট মূল্য | | | |
| ৪। | ভ্যাট ৭.৫০% (উদ্ধৃত দরের) | | | |
| ৫। | আয়কর ১০% (উদ্ধৃত দরের) | | | |
| ৬। | বর্ণিত মালামালের সর্বমোট মূল্য (টাকায়) | | | |

**কথায়:** ভ্যাট ও আয়করসহ -----------------------------------------------------------------------------------------------------------

দরদাতার স্বাক্ষর ও তারিখ:

# রাইট-অফকৃত মালামাল (লৌহ, রাবার, প্লাস্টিক ও লবণ জাতীয়)

অবস্থান: ০১। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় সিএমসিএ স্টোর (পুরাতন টিনসেড মন্দিরের পার্শ্বে) লৌহ জাতীয় মালামালসমূহ।

অবস্থান: ০২। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় ইস্ট ক্যাম্পের রো নং-০৫; রুম নং-৯ ও ১০ লবণ জাতীয়।

অবস্থান: ০৩। বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় সিএমসি স্টোর ইয়ার্ডের প্রধান ফটকের দক্ষিণ পার্শ্বে লৌহ জাতীয় যন্ত্র ও খুচরা যন্ত্রাংশ জাতীয়।

## দর/মূল্য উদ্ধৃতকরণের ছক

**দরদাতা/ক্রেতা কর্তৃক দরপত্রের সকল শর্তাবলী যথাযথভাবে পরীক্ষা/বিবেচনাপূর্বক মূল্য উদ্ধৃত করতে হবে:**

| ক্র: নং. | বিবরণ | আনুমানিক পরিমাণ | প্রাক্কলিত দর (থোক আকারে) (টাকায়) | উদ্ধৃত দর (থোক আকারে) |
|---|---|---|---|---|
| ১। | রাইট-অফকৃত মালামাল (লৌহ, রাবার, প্লাস্টিক ও লবণ জাতীয়) | থোক আকারে | ৯৭,৩৬,৫৮৬.০০ | |
| | **মোট মূল্য** | | | |
| ২। | ভ্যাট ৭.৫০% (উদ্ধৃত দরের) | | | |
| ৩। | আয়কর ১০% (উদ্ধৃত দরের) | | | |
| ৪। | **বর্ণিত মালামালের সর্বমোট মূল্য** (টাকায়) | | | |

**কথায়:** ভ্যাট ও আয়করসহ ------------------------------------------------------------------------------------------------------------

দরদাতার স্বাক্ষর ও তারিখ:

## ‘লৌহ, রাবার, তামা, খুচরা যন্ত্রাংশ ও রাইট-অফকৃত মালামাল’-এর
## প্রস্তাবকৃত সর্বমোট দর/মূল্য

| ক্র: নং. | বিবরণ | উদ্ধৃত/প্রস্তাবিত দর (টাকায়) |
|---|---|---|
| ১। | লৌহ, রাবার ও তামা জাতীয় মালামাল | |
| ২। | খুচরা যন্ত্রাংশ জাতীয় মালামাল | |
| ৩। | রাইট-অফকৃত মালামাল (লৌহ, রাবার, প্লাস্টিক ও লবণ জাতীয়) | |
| ৪। | মোট | |
| ৫। | ভ্যাট ৭.৫০% (উদ্ধৃত দরের) | |
| ৬। | আয়কর ১০% (উদ্ধৃত দরের) | |
| ৭। | আয়কর ও ভ্যাটসহ সর্বমোট মূল্য (টাকায়) | |

**কথায়:** ভ্যাট ও আয়করসহ -----------------------------------------------------------------------------------------------

নিরাপত্তা জামানতের বিবরণ:

| | | |
|---|---|---|
| **পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং** | : | |
| **পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর তারিখ** | : | |
| **পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর টাকার পরিমাণ (অংকে)** | : | |
| **পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর টাকার পরিমাণ (কথায়)** | : | |
| **ব্যাংকের নাম, শাখা ও ঠিকানা** | : | |

দরদাতার/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:..........................................................................................................

..........................................................................................................

দরদাতার স্বাক্ষর:

তারিখ: